

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.২০২.২০১৮/২৪৬৬/৭

তারিখ: ৩০/০৬/২০১৯ খ্রিস্টাব্দ


বিষয় : সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলাধীন চৌহালী ডিগ্রি কলেজ (জাতীয়করণকৃত) এর ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, চৌহালী, সিরাজগঞ্জ এর পত্র নং-৩৩১; তারিখ: ২৯/০৫/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলাধীন চৌহালী ডিগ্রি কলেজের (জাতীয়করণকৃত) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) মোঃ আব্দুর রাজ্জাক মিয়া ৩০/০৫/২০১৯ খ্রি. তারিখ ৬০ বছর পূর্তিতে অবসর গ্রহণ করায় জ্যেষ্ঠতার ভিত্তিতে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর দায়িত্ব প্রদান করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, চৌহালী, সিরাজগঞ্জ পত্র প্রেরণ করেন। শিক্ষক-কর্মচারীর স্বাক্ষরযুক্ত তালিকা পর্যালোচনা করে দেখা যায় জনাব মোঃ আব্দুল মান্নান মিয়া, ইনডেক্স-০১৬৬২৯, প্রভাষক, ব্যবস্থাপনা এমপিওভুক্তির তারিখ অনুসারে জ্যেষ্ঠতম প্রভাষক।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬, ০৬/০৬/২০১১ খ্রি. তারিখের পরিপত্রের ৩নং অনুচ্ছেদ ও শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪, ০৯/০৭/২০১২ খ্রি. তারিখের ৩.১ নং অনুচ্ছেদ মোতাবেক কোন কলেজে অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষ দায়িত্ব পালন করবেন। উপাধ্যক্ষ না থাকলে জনবল কাঠামো- ২০১৮ এর ১৩ ধারা অনুযায়ী পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলাধীন চৌহালী ডিগ্রি কলেজে (জাতীয়করণকৃত) অধ্যক্ষের শূন্য পদে জনাব মোঃ আব্দুল মান্নান মিয়া, ইনডেক্স-০১৬৬২৯, প্রভাষক, ব্যবস্থাপনা এমপিওভুক্তির তারিখ অনুসারে জ্যেষ্ঠতম শিক্ষক হওয়ায় ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মো: এনামুল হক হাওলাদার)  
উপপরিচালক (কলেজ-২)  
ফোন নং- ৯৫৫৭৬৯১  
Email-ncollege@dshe.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার  
চৌহালী, সিরাজগঞ্জ

অনুলিপি (প্রয়োজনীয় কার্যার্থে):

- ১। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) চৌহালী ডিগ্রি কলেজ, চৌহালী, সিরাজগঞ্জ
- ২। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ
- ৩। জনাব মোঃ আব্দুল মান্নান মিয়া, প্রভাষক, ব্যবস্থাপনা, চৌহালী ডিগ্রি কলেজ, চৌহালী, সিরাজগঞ্জ
- ৪। ম্যানেজার, চৌহালী শাখা, চৌহালী, সিরাজগঞ্জ
- ৫। সংরক্ষণ নথি।